

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৫

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ যাকে কুরআন দেওয়া হয়েছে অতঃপর সে ব্যক্তি তা দিয়ে দিবারাত্রি দাঁড়িয়ে সালাত আদায় করেন, তার ব্যাপারে ঈর্ষা করা বৈধ

ذِكْرُ إِبَاحَةِ الْحَسَدِ لِمَنْ أُوتِيَ كِتَابَ اللَّهِ تعالى فقام به آناء الليل والنهار

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ حدثنا بن أَبِي عُمَرَ الْعَدَنِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنِ النَّهُ رِيِّ عن سالم عن أَبِيهِ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "لَا حَسَدَ إِلَّا فِي اثْنَتَيْنِ رَجُلٌ آتَاهُ اللَّهُ الْقُرْآنَ فَهُوَ يَقُومُ بِهِ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ النَّهَارِ وَرَجُلٌ آتَاهُ اللَّهُ مَالًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ آنَاءَ اللَّهُ اللَّهُ اللَّهُ مَالًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ اللَّهُ اللَّهُ مَالًا فَهُو يُنْفِقُ

الراوي: عبد الله بن عمر ا المحدث: شعيب الأرنؤوط ا المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 125 ا خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

## বাংলা

১২৫. সালিম রাহিমাহুল্লাহ তাঁর বাবা আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমা থেকে বর্ণনা করেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কেবল দুই ধরণের ব্যক্তির ক্ষেত্রেই ঈর্ষা করা যায়। (১) ঐ ব্যক্তি যাকে আল্লাহ কুরআন দান করেছেন, অতঃপর সে ব্যক্তি তা দিয়ে দিবারাত্রি দাঁড়িয়ে সালাত আদায় করেন। (২) যাকে আল্লাহ সম্পদ দিয়েছেন, অতঃপর সে ব্যক্তি দিবারাত্রি তা ব্যয় করেন।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭৫২৯; সহীহ মুসলিম: ৮১৫; তিরমিযী: ১৯৬৩; ইবনু মাজাহ: ৪২০৯; মুসান্নাফ ইবনু আবি শায়বাহ: ১০/৫৫৭; মুসনাদ আহমাদ: ২/৩৬,৮৮; তাবারানী: ১৩৩৫১। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন